তথ্য ও গণসংযোগ বিভাগ
Information and Public Relations Division

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

**প্রেস রিলিজ**

০৩ নভেম্বর ২০২৫

# জাপান সফর শেষে দেশে ফিরেছেন বাউবি উপাচার্য

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) উপাচার্য অধ্যাপক ড. এ. বি. এম. ওবায়দুল ইসলাম জাপানের হিরোশিমায় অনুষ্ঠিত পাঁচ দিনব্যাপী আন্তর্জাতিক কর্মসূচিতে অংশগ্রহণ শেষে গতরাতে দেশে ফিরেছেন। উল্লেখ্য, তিনি গত ২৮ অক্টোবর (মঙ্গলবার) জাপানের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন। হিরোশিমা পাবলিক ইউনিভার্সিটি ও কমনওয়েলথ এডুকেশনাল মিডিয়া সেন্টার ফর এশিয়া (CEMCA-COL)-এর যৌথ আয়োজনে অনুষ্ঠিত "The Journey of Digital Transformation of Education in Bangladesh Program" শীর্ষক আন্তর্জাতিক কর্মসূচিতে তিনি বিশেষ অতিথি হিসেবে যোগদান করেন।

অনুষ্ঠানে অধ্যাপক ড. ওবায়দুল ইসলাম বাংলাদেশের উচ্চশিক্ষা ব্যবস্থায় ডিজিটাল রূপান্তর, উন্মুক্ত ও দূরশিক্ষার প্রসার এবং প্রযুক্তিনির্ভর শিক্ষায় বাংলাদেশের অগ্রগতির ওপর এক প্রাঞ্জল ও গুরুত্বপূর্ণ বক্তব্য প্রদান করেন। তাঁর বক্তব্যে তিনি শিক্ষার গণতান্ত্রিকীকরণ ও সবার জন্য শিক্ষা নিশ্চিতকরণে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ভূমিকা তুলে ধরেন, যা আন্তর্জাতিক অঙ্গনে বিশেষভাবে প্রশংসিত হয়। উপাচার্যের এই সফরের মাধ্যমে বাউবির আন্তর্জাতিক সহযোগিতা ও গবেষণার নতুন দিগন্ত উন্মোচিত হবে বলে সংশ্লিষ্ট মহল আশা প্রকাশ করেছে।

এ সময় উপাচার্যের সফরসঙ্গী হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের মিডিয়া বিভাগের যুগ্ম পরিচালক জনাব সোহেল আহমেদ।

মোঃ জাহাঙ্গীর হোসেন পাইক
যুগ্ম-পরিচালক
মোবাইল: ০১৭১৪৫০৫৭৪৭